**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 09-04-2026** **Time : - 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) কড়া নিরাপত্তায় অসম, কেরালাম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি বিধানসভা নির্বাচনে ভোটগ্রহণ এগিয়ে চলেছে। # কর্ণাটক, ত্রিপুরা ও নাগাল্যান্ডের কয়েকটি আসনেও আজ উপনির্বাচন।

২) বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গের হলদিয়ায় দলীয় প্রার্থীদের সমর্থনে নির্বাচনী প্রচারে যোগ দিয়ে রাজ্যে ডাবল ইঞ্জিন সরকারের পক্ষে সওয়াল করেছেন। তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী একাধিক জনসভায় যোগ দিয়েছেন। # রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ প্রত্যাহারের আজ শেষ দিন। দ্বিতীয় দফায় মনোনয়ন জমা দেওয়ার সময়সীমাও আজ শেষ হচ্ছে।

৩) প্রধানমন্ত্রী সংসদে মহিলাদের আসন সংরক্ষণের ওপর গুরুত্ব দিয়ে বলেছেন, এই সিদ্ধান্ত গণতান্ত্রিক ব্যবস্থাকে আরও বৈচিত্র্যপূর্ণ করে তুলবে।

৪) হরমুজ প্রণালী পেরিয়ে আসা LPG বহনকারী ভারতীয় জাহাজ ‘গ্রিন আশা’ আজ মুম্বই পৌঁছেছে।

৫) উত্তর সিকিমের লাচেনে তুষারপাতের কারণে আটকে পড়া পর্যটকদের উদ্ধারের জন্য ভারতীয় সেনা, সীমান্ত সড়ক সংগঠনের সঙ্গে একযোগে ‘অপারেশন হিম সেতু’র সূচনা করেছে।

৬) IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ ইডেন গার্ডেন্সে লক্ষ্ণৌ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে।

*********************************************************************

অসম, কেরলম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি বিধানসভা নির্বাচনে আজ একদফায় ভোটগ্রহণ। সকাল সাতটা থেকে শুরু হয়ে সন্ধ্যা ৬ টা পর্যন্ত ভোট নেওয়া হবে। ভোট গণনা চৌঠা মে।

অসমে ১২৬ টি বিধানসভা আসনের জন্য ৭২২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। রাজ্য জুড়ে মোট ৩১ হাজার ৪৯০’টি ভোটকেন্দ্রে চলবে ভোটগ্রহণ। এর মধ্যে ৪ হাজার ২১ টি বুথ মহিলা পরিচালিত।

কেরলে ১৪০’টি বিধানসভা আসনের জন্য মোট ৮৮৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ভোটকেন্দ্র খোলা হয়েছে ৩০ হাজার ৪৯৫ টি। ভোটদাতার সংখ্যা ২ কোটি ৭২ লক্ষ।

কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতেও আজকের ভোটগ্রহণের জন্য সব রকম প্রস্তুতি সম্পন্ন। মোট ৩০ টি আসনে ভোট নেওয়া হবে। ২৯৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এক হাজার ৯৯ টি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হয়েছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অসম, কেরালা এবং পুদুচেরির ভোটদাতাদের বিপুল সংখ্যায় তাঁদের ভোটাধিকার প্রয়োগ করার জন্য আহ্বান জানিয়েছেন। তরুণ এবং মহিলা ভোটাদাতারা উৎসাহের সঙ্গে গণতন্ত্রের এই উৎসবে অংশগ্রহণ করবেন বলে সমাজমাধ্যমে একাধিক পোস্টে শ্রী মোদী আশা প্রকাশ করেন। প্রত্যেকটি ভোট দুই রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলটির ভবিষ্যৎ নির্ধারণের জন্য গুরুত্বপূর্ণ।

*************************************************************************

কর্ণাটকের দুটি, ত্রিপুরা ও নাগাল্যান্ডের একটি করে বিধানসভা আসনে উপনির্বাচনে আজ ভোট নেওয়া হচ্ছে। কর্ণাটক ও ত্রিপুরায় সকাল ৭টা থেকে ভোটগ্রহণ শুরু হয়ে চলবে বিকেল ৫টা পর্যন্ত এবং নাগাল্যান্ডে ভোট নেওয়া হবে বিকেল ৪ টে পর্যন্ত ।

এদিকে আজ গোয়ার পণ্ডা বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হওয়ার কথা থাকলেও, বম্বে হাইকোর্টের গোয়া বেঞ্চ-এর নির্দেশে তা স্থগিত করা হয়েছে। বিচারপতি বাল্মীকি মেনেজেস এবং বিচারপতি অমিত জামসান্দেকারের ডিভিশন বেঞ্চ গতকাল এই রায় দেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা কৃষিমন্ত্রী রবি নায়েকের প্রয়াণে এই আসনটি শূন্য হয়েছিল।

*************************************************************************

পশ্চিমবঙ্গে পরিবর্তন আসন্ন বলে শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। আজ পূর্ব মেদিনীপুরের হলদিয়ায় দলের সমাবেশে ভাষণে শ্রী মোদী বলেন, তৃণমূল কংগ্রেসের শাসনে রাজ্য অনুপ্রবেশকারী, দাঙ্গাকারী এবং দুষ্কৃতীদের দখলে চলে গেছে। রাজ্যের যুব সম্প্রদায়ের হাতে কাজ নেই। তৃণমূল কংগ্রেস রাজ্যে ভয়ের শাসন প্রতিষ্ঠা করেছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন, অনুপ্রবেশকারীরা এই রাজ্যে ভুয়ো নথি তৈরি করে সারা দেশে ছড়িয়ে পড়ছে। তাই বিকশিত ভারতের জন্য নির্মম সরকারের বিদায় অত্যন্ত জরুরী। ফের একবার মঞ্চ থেকে শ্রী মোদী ডাবল ইঞ্জিন সরকার গঠনের আহ্বান জানান।

(মোদী- বেঙ্গল)

রাজ্য সফররত বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ মালদায় একটি বৈঠকের পর উত্তর দিনাজপুরের চাকুলিয়াতে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন। তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ উত্তর ২৪ পরগণার বরানগরে দলীয় প্রার্থীর সমর্থনে ডানলপ থেকে সিঁথির মোড় পর্যন্ত পদযাত্রায়

অংশ নেবেন। পানিহাটিতে প্রচারের কর্মসূচী রয়েছে তাঁর। বামফ্রন্ট, কংগ্রেস, ISF সহ অন্য রাজনৈতিক দলের নেতা নেত্রীরা মিটিং মিছিল ও জনসভা করছেন।

**********************************************************************

রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ প্রত্যাহারের আজ শেষ দিন। এই দফায় ১৫২ টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোটগ্রহণ।

এদিকে, দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আজ শেষ হচ্ছে। আগামীকাল জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এই পর্বে ১৪২ টি আসনে ২৯ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে সবকটি কেন্দ্রে প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন আজ। ঐ রাজ্যের ২৩৪ টি কেন্দ্রে ভোটগ্রহণ ২৩শে এপ্রিল।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সংসদে মহিলাদের জন্য আসন সংরক্ষণ বর্তমান সময়ের প্রেক্ষাপটে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এক বার্তায় তিনি বলেন, এই সিদ্ধান্ত গণতান্ত্রিক ব্যবস্থায় মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধিতে সহায়ক হবে। আইনসভায় মহিলাদের জন্য সংরক্ষণ ব্যবস্থা, দেশে মেয়েদের অগ্রগতির প্রতিফলন। বিজ্ঞান, প্রযুক্তি, খেলাধূলা, সামরিক বাহিনী, সঙ্গীত থেকে শিল্প সর্বত্রই বর্তমানে মেয়েদের অবাধ বিচরণ। তাই প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রেও মহিলারা যখন তাদের অভিজ্ঞতা ও দৃষ্টিভঙ্গীকে কাজে লাগান, তখন সুশাসন নিশ্চিত করা সম্ভব হয়। মহিলাদের জন্য সংরক্ষণের সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হলে তা হবে অত্যন্ত দুর্ভাগ্যজনক। শ্রী মোদী বলেন, চলতি মাসের ১৬ তারিখ এ সংক্রান্ত এক গুরুত্বপূর্ণ বিল নিয়ে আলোচনা ও পাশের জন্য সংসদের বিশেষ অধিবেশন ডাকা হয়েছে। সংসদে নারী শক্তি বন্দন অধিনিয়ম পাশ করানোর বিষয়টিও আজ তাঁর বার্তায় উঠে আসে।

(বাইট- মোদী মহিলা সংরক্ষণ)

**********************************************************************

মহিলাদের সংরক্ষণ বিল প্রসঙ্গে ‘নারী শক্তি’ পুরস্কারপ্রাপ্ত বিমলা বলেছেন, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি উদ্যোগ। তিনি উল্লেখ করেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দায়িত্ব গ্রহণের পর থেকেই নারীর মর্যাদা ও সম্মান নিশ্চিত করতে ধারাবাহিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এই উদ্যোগ এখন রাজনৈতিক ক্ষমতায়নের পর্যায়ে পৌঁছেছে, যা ঘর থেকে সংসদ পর্যন্ত নারীর অংশগ্রহণ নিশ্চিত করার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

পদ্ম পুরস্কারজয়ী লিবিয়া লোবো সারদেশাই বলেছেন, এই উদ্যোগ নিঃসন্দেহে নারীদের জন্য একটি গুরুত্বপূর্ণ সুযোগ। তিনি জানান, এটা অত্যন্ত দুঃখের যে এই পর্যায়ে পৌঁছাতে ২৭ বছর সময় লাগলো। আগামী প্রজন্ম অবশ্যই এর সুফল ভোগ করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

*************************************************************************

এলপিজি বহনকারী ভারতীয় পতাকাবাহী জাহাজ গ্রিন আশা আজ মুম্বাইয়ের জওহরলাল নেহরু বন্দরের লিকুইড টার্মিনালে এসে পৌঁছেছে। ১৫ হাজার ৪০০ টন নিয়ে জাহাজটি হরমুজ প্রণালী পার করে। পশ্চিম এশিয়ায় সংঘাত শুরুর পর মুম্বাইয়ের ওই টার্মিনালে পৌঁছানো এটিই প্রথম এ ধরনের জাহাজ। সেখানে থাকা সকল ক্রু সদস্য নিরাপদে আছেন এবং কার্গোটিও সুরক্ষিত রয়েছে বলে জানা গেছে।

*************************************************************************

গুজরাটে ভারতীয় বায়ু সেনার নালিয়া ঘাঁটি থেকে ইরানের চাবাহার বন্দরে হামলাকারী ইজরায়েলী বিমানে জ্বালানী ভরা হয়েছে বলে পাকিস্তানী অ্যাকাউন্ট থেকে যে দাবী করা হয়েছে, সরকার তা খরিজ করে দিয়েছে। PIB-র ফ্যাক্ট চেক ইউনিট এই দাবীকে সম্পূর্ণ অসত্য ও ভুয়ো বলে জানিয়েছে। অযথা বিভ্রান্তি ও উত্তেজনা সৃষ্টি করতে এ ধরণের মিথ্যা বয়ান প্রচার করা হচ্ছে বলেও জানিয়েছে সরকার। যাচাই না করে কোনোরকম তথ্য শেয়ার না করার জন্য জনগণের প্রতি আহ্বান জানানো হয়েছে।

*************************************************************************

বিদেশসচিব বিক্রম মিশ্রি আজ ওয়াশিংটনে মার্কিন যুক্তরাষ্ট্রের অধিগ্রহণ ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত আন্ডার সেক্রেটারি মাইকেল পি ডাফির সঙ্গে সাক্ষাৎ করেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, প্রতিরক্ষা ক্ষেত্রে দু দেশের মধ্যে অংশীদারীত্ব এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে এই বৈঠক। ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে যৌথ উৎপাদন, স্থিতিশীলতা এবং অভিন্ন অগ্রাধিকারের উপর জোর দেওয়া হয়েছে। বিদেশসচিব মিশ্রী এর আগে, পেন্টাগনে মার্কিন যুক্তরাষ্ট্রের যুদ্ধনীতি বিষয়ক আন্ডার সেক্রেটারি এলব্রিজ কোলবির সঙ্গে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও পশ্চিম এশিয়ার চলতি পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। দিল্লিতে সম্প্রতি আয়োজিত ভারত-মার্কিন প্রতিরক্ষা বৈঠকে তাঁদের সাক্ষাতের পর আজ আবার এই বৈঠক অনুষ্ঠিত হলো।

উল্লেখ্য, বিক্রম মিশ্রি বর্তমানে তিন দিনের সফরে মার্কিন যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন-ডিসিতে রয়েছেন।

*************************************************************************

উত্তর সিকিমের লাচেনে তুষারপাতের কারণে আটকে পড়া পর্যটকদের উদ্ধারের জন্য ভারতীয় সেনা, বর্ডার রোডস অর্গানাইজেশনের সঙ্গে একযোগে 'অপারেশন হিম সেতু' চালু করেছে। ভূমিধসের কারণে উত্তর

সিকিমের লাচেন ও চুংথাং-এর মধ্যে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। প্রতিকূল আবহাওয়া থাকা সত্ত্বেও, সেনাকর্মীরা গুরুত্বপূর্ণ গিরিপথগুলো খুলে দিয়েছেন। বিকল্প পথে উদ্ধারকাজ চালানোর চেষ্টা চলছে। এখনও পর্যন্ত ৩২টি হালকা যানবাহন এবং ১০টি মোটরসাইকেল সহ ১৩৫ জন পর্যটককে নিরাপদে উদ্ধার করা হয়েছে।

*********************************************************************

ভারতীয় আবহাওয়া দফতর – আই এম ডি আজ দেশের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। আসাম ও মেঘালয়ে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টি হবে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, অরুণাচল প্রদেশ, বিহার, ছত্তিশগড়, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডেও মাঝারি বৃষ্টির সম্ভাবনা। আগামীকাল পর্যন্ত ওড়িশা, ঝাড়খণ্ড, জম্মু ও কাশ্মীর, লাদাখ, হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ এবং সিকিমে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। এদিকে, উপকূলীয় কর্ণাটক, কেরলম, মাহে, তামিলনাড়ু, পুদুচেরি এবং কড়াইকালে আজ গরম ও আর্দ্র আবহাওয়া থাকবে বলে IMD জানিয়েছে।

*********************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় দৈনন্দিন জীবনে আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তন। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস এর সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ  পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ  রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

*********************************************************************

কলকাতার ইডেন গার্ডেন্সে IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, লখনউ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে ৭ টায়। KKR তিন ম্যাচের পরেও এখনো জয়ের মুখ দেখেনি। পরপর দুই ম্যাচে হারের পর গত সোমবার পাঞ্জাব কিংসের বিরুদ্ধে তাদের তৃতীয় ম্যাচটি বৃষ্টিতে ভেস্তে যাওয়ায় এক পয়েন্ট পায় কেকেআর। অন্যদিকে, লখনউ দুটি ম্যাচে খেলে একটিতে জয়ী হয়েছে।

*********************************************************************